**রেজিস্ট্রার কার্যালয়**
**গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি**
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
ওয়েব: www.bdu.ac.bd
ই-মেইল: registrar@bdu.ac.bd

**Office of the Registrar**
Gazipur Digital University
Kaliakair, Gazipur-1750
Web: www.bdu.ac.bd
E-mail: registrar@bdu.ac.bd

স্মারক: ৩৭.০১.৩৩০৫.০৩৩.৬০.০০৯.২৫-৩৩৭৭

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ / ৩০ জুলাই ২০২৫

**গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি এর ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণিতে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করা শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি**

গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রাথমিক পর্যায়ে ভর্তি নিশ্চায়ন করা প্রার্থীগণকে আগামী ০৩-০৮-২০২৫ তারিখ থেকে ০৭-০৮-২০২৫ তারিখ (০৫-০৮-২০২৫, মঙ্গলবার, সরকারি ছুটি ব্যতিত) সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৩:০০ টার মধ্যে নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে অনলাইনে আবেদন পূর্বক নির্ধারিত ফি অনলাইনে পরিশোধ করে স্বশরীরে উপস্থিত হয়ে চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্তভাবে ভর্তি সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত শিক্ষার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

**নির্দেশাবলী:**

**১. অনলাইনে ভর্তি ফরম পূরণ:**

প্রার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ আগামী ০৩-০৮-২০২৫ তারিখ থেকে ০৭-০৮-২০২৫ তারিখ (০৫-০৮-২০২৫, মঙ্গলবার, সরকারি ছুটি ব্যতিত) দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত চলবে। অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রার্থীকে গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি এর ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটের (https://admission.bdu.ac.bd) Login অপশনে গিয়ে GST ভর্তি পরীক্ষার আইডি, রোল নম্বর ও প্রার্থীর মোবাইলে প্রদানকৃত PIN এর মাধ্যমে লগইন করে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।

**২. ভর্তি ফি:**

প্রার্থীকে চূড়ান্তভাবে ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি **[প্রার্থী প্রতি ১০০০০ (দশ হাজার) টাকা + চার্জ প্রযোজ্য]** SSLCOMMERZ এর মাধ্যমে আগামী ০৩-০৮-২০২৫ তারিখ থেকে ০৭-০৮-২০২৫ তারিখ (০৫-০৮-২০২৫, মঙ্গলবার, সরকারি ছুটি ব্যতিত) বিকাল ০৩:০০ ঘটিকার মধ্যে পরিশোধ করতে হবে।

**ক) ভর্তি ফি সমূহ (খাত ভিত্তিক বিস্তারিত):**

| ক্রমিক নং | খাত | টাকা |
|---|---|---|
| ১. | প্রাথমিক ভর্তি ফি | ৫০০০/- |
| ২. | সেশন ফি | ১২৫০/- |
| ৩. | খেলাধুলা ফি | ১০০/- |
| ৪. | বিভাগীয় সেমিনার ফি | ২০০/- |
| ৫. | সাংস্কৃতিক ফি | ১০০/- |
| ৬. | বিএনসিসি/রোভার স্কাউট/রেঞ্জার ফি | ১৫০/- |
| ৭. | গবেষণাগার ফি | ২০০/- |
| ৮. | অনলাইন সার্ভিস ফি | ৩০০/- |
| ৯. | পরীক্ষা ফি | ৫০০/- |
| ১০. | সমিতি/ক্লাব | ৫০/- |
| ১১. | মেডিকেল ফি | ১০০/- |
| ১২. | জাতীয় ও অন্যান্য দিবস পালন | ৫০/- |
| ১৩. | পেশাগত সংগঠনের ফি | ১০০/- |
| ১৪. | গবেষণাগার উন্নয়ন ফি | ১০০০/- |
| ১৫. | শিক্ষার্থী কল্যাণ ফি | ১২০০/- |
| ১৬. | স্মার্ট আইডি কার্ড ফি | ২০০/- |
| ১৭. | বিশ্ববিদ্যালয় অবকাঠামো উন্নয়ন ফি | ১০০০/- |
| ১৮. | পরিবহন উন্নয়ন ফি | ১০০০/- |
| ১৯. | লাইব্রেরী জামানত ফি (ফেরতযোগ্য) | ৫০০/- |
| ২০. | বিভাগ উন্নয়ন ফি | ২০০০/- |
| | **মোট:** | **১৫০০০/-** |
| ২১. | প্রাথমিক ভর্তির অগ্রিম ফি বাবদ | (-) ৫০০০/- |
| | **সর্বমোট:** | **১০০০০/-** |

**খ) পেমেন্ট পদ্ধতি:**

SSLCOMMERZ পেমেন্ট পদ্ধতি:

| **Payment Process (পরিশোধ পদ্ধতি)** | |
|---|---|
| ধাপ ১ | Dashboard |
| ধাপ ২ | Click pay now button |
| ধাপ ৩ | Get payment gateway (SSLCOMMERZ) |
| ধাপ ৪ | Choose any payment method |
| ধাপ ৫ | Click pay |
| ধাপ ৬ | Type your account number |
| ধাপ ৭ | Enter your OTP to confirm |
| ধাপ ৮ | Now enter your PIN to confirm |
| ধাপ ৯ | Done! you will receive a confirmation message from SSLCOMMERZ |

**দ্রষ্টব্য:** বিভিন্ন পেমেন্ট অপশনে আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি বিভিন্ন রকম হতে পারে। ধারাবাহিকভাবে নির্দেশনা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো।

**৩. দলিলাদির সত্যতা যাচাই এবং উপস্থিতি নিশ্চিতকরণ:**

ক) চূড়ান্ত ভর্তির জন্য প্রার্থীগণকে আগামী ০৩-০৮-২০২৫ তারিখ হতে ০৭-০৮-২০২৫ তারিখ (০৫-০৮-২০২৫, মঙ্গলবার, সরকারি ছুটি ব্যতীত) সকাল ০৯:০০ টা হতে বিকাল ৩:০০ টার মধ্যে গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি এর একাডেমিক ভবনে নিম্নে উল্লেখিত সকল সনদ ও ট্রান্সক্রিপ্ট এর সত্যতা যাচাইয়ের জন্য স্বশরীরে উপস্থিত হতে হবে। প্রাথমিক পর্যায়ে জমাকৃত মূল নম্বরপত্রসমূহ GST অন্তর্ভুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তোলন করে আনতে হবে। গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটির ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে অনলাইনে আবেদন সম্পন্ন করার পরে ডাউনলোড করা ভর্তি ফরমে আবেদনকারীর নিজের ও অভিভাবকের স্বাক্ষর প্রদান পূর্বক ভর্তি ফরমের সাথে নিম্নোক্ত সকল মূল দলিলাদি ও এর ১(এক) সেট ফটোকপি রেজিস্ট্রার দপ্তরের ভর্তি ও রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে:

১. এসএসসি বা সমমানের নম্বরপত্র (মূলকপি ও ফটোকপি)
২. এসএসসি বা সমমানের সনদপত্র (মূলকপি ও ফটোকপি)
৩. এইচএসসি বা সমমানের নম্বরপত্র (মূলকপি ও ফটোকপি)
৪. এইচএসসি বা সমমানের সনদপত্র (মূলকপি ও ফটোকপি)
৫. এইচএসসি বা সমমানের প্রশংসাপত্র (মূলকপি ও ফটোকপি)
৬. এইচএসসি বা সমমানের মূল রেজিস্ট্রেশন কার্ড।
৭. GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার পর্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র (মূলকপি)।
৮. পাসপোর্ট সাইজের সদ্য তোলা ২ (দুই) কপি রঙিন ছবি।

খ) কোটায় ভর্তির ক্ষেত্রে:

১. কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কোটার মূল সনদপত্র।
২. আবেদনকারীর পিতামাতার জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন।
৩. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের প্রামাণিক কাগজপত্র (যেমন: ইউনিয়ন পরিষদ/সিটি কপোরেশন/উপজেলা পরিষদ/জেলা প্রশাসন প্রদত্ত সনদপত্র) ।

| দলিলাদি মূল্যায়নের তারিখ | দলিলাদি মূল্যায়নের সময় |
|---|---|
| ০৩-০৮-২০২৫ থেকে ০৭-০৮-২০২৫<br>(০৫-০৮-২০২৫, মঙ্গলবার, সরকারি ছুটি ব্যতিত) | সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৩:০০ টা |

**রেজিস্ট্রার কার্যালয়**
**গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি**
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
ওয়েব: www.bdu.ac.bd
ই-মেইল: registrar@bdu.ac.bd

**Office of the Registrar**
Gazipur Digital University
Kaliakair, Gazipur-1750
Web: www.bdu.ac.bd
E-mail: registrar@bdu.ac.bd

**৪. ভর্তি বাতিল পদ্ধতি:**

ভর্তি বাতিল করার সময় বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি মোতাবেক সকল বকেয়া অবশ্যই পরিশোধ করতে হবে।

**প্রার্থীর দলিলাদিতে কোন ভুল/অসত্য তথ্য প্রদান করলে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে ও অসত্য তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ এই প্রক্রিয়ায় আবেদন করে ভর্তি হয়েছে মর্মে পরবর্তীতে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটিসমূহের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।**

৩০-০৭-২০২৫
(মুহাম্মদ আতাউর রহমান খান)
রেজিস্ট্রার
গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি।